দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. ... 1999 ... ...
পৃষ্ঠা ... কলাম ... ......

# ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশে অনিয়মের অভিযোগ

## বিক্ষোভ ঃ ঢাকা-টাঙ্গাইল সড়ক অবরোধ

মোঃ আব্দুস সামাদ ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৮ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার ফল প্রকাশে চরম অনিয়ম, স্বজনপ্রীতি ও দুর্নীতির অভিযোগ উত্থাপিত হয়েছে।

১৯৯৮ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষায় অংশগ্রহণকারী বহু পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকগণ এই অভিযোগ করেছেন। উল্লেখ্য, গতকাল (শনিবার) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮ সালের ডিগ্রী পাস ও সাব সিডিয়ারী পরীক্ষার ফলাফল প্রথম বারের মত কম্পিউটার পদ্ধতিতে

১৫-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## ঢাকা-টাঙ্গাইল সড়ক

প্রথম পৃষ্ঠার পর

প্রকাশিত হয়েছে। বিশ্ববিদ্যালয় পরীক্ষা কর্তৃপক্ষ গতকাল (শনিবার) জাতীয় বিশ্ববিদ্যালয় চত্বরে পরীক্ষার ফল ঘোষণা এবং ফলাফলের চার্ট টাঙ্গিয়ে না দেয়ায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উপস্থিত শত শত ছাত্র-ছাত্রী বিক্ষোভ মিছিল বের করে পরীক্ষা ভবনের সামনে অগ্নিসংযোগ করে। এরপর বেলা সাড়ে ১১টায় তারা বিশ্ববিদ্যালয়ের সামনে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে ব্যারিকেড সৃষ্টি করে। ফলে এই সড়কে প্রায় ২ ঘন্টা যানবাহন চলাচল বন্ধ থাকে। এ সময় রাস্তার দু'দিকে শত শত যানবাহন আটকা পড়ে এবং যাত্রী সাধারণকে চরম দুর্ভোগ পোহাতে হয়। সমবেত ছাত্র-ছাত্রীরা পরীক্ষার ফলাফল জানতে না পারার কারণে বিশ্ববিদ্যালয়ের কতিপয় কর্মকর্তা-কর্মচারীকে অবরুদ্ধ করে রাখে বলে এক অভিযোগ পাওয়া গেছে। সূত্রমতে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপপরীক্ষা নিয়ন্ত্রক জনাব আনসারুজ্জামান পরিস্থিতি বেগতিক দেখে বিকেল সাড়ে ৫টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ধানমন্ডিস্থ অফিস থেকে পরীক্ষার ফলাফল সংগ্রহ করে সমবেত ছাত্র-ছাত্রী এবং অভিভাবকগণকে তা জানানো এবং দেয়ার জন্য তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করেন। কিন্তু ঐভাবেও বিভিন্ন স্থান থেকে আগত শত শত ছাত্র-ছাত্রী ও অভিভাবকগণ তাদের পরীক্ষার ফলাফল জানতে এবং সংগ্রহ করতে পারেনি বলে অভিযোগ পাওয়া গেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা কর্তৃপক্ষ পূর্বে ঘোষণা দিয়েছিল, গতকাল (শনিবার) বিকেল ৪টায় সারা দেশে একযোগে এই পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে। কিন্তু তাদের নির্ধারিত সময়ের একঘন্টা পরও অনেক পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার ফলাফলের বই পৌঁছেনি বলে অভিযোগ উত্থাপিত হয়েছে। ঐ অভিযোগে বলা হয়েছে, প্রকাশিত ফলাফলে অসংখ্য ভুলভ্রান্তি রয়েছে। উল্লেখ্য ১৯৯৩ সালে বর্তমান স্থানে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হবার পর থেকে প্রতিটি পরীক্ষার ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত হতো এবং ক্যাম্পাসে পরীক্ষার ফলাফল টাঙ্গিয়ে দেয়া হতো। কিন্তু এবার তা করা হয়নি।